Arabinda Paul
B.A. Hons, SEM-IV, Sub-Philosophy, Paper-CGT
Western Logic-II, Topic- Compound Proposition

পূর্ববর্তী আলোচনায় আমরা যৌগিক ও অযৌগিক বাক্য(বচন)-এর কথা বলেছি, যেমন 'রাম বুদ্ধিমান', 'শঙ্করাচার্য একজন দার্শনিক' -এরূপ বাক্যকে অযৌগিক বাক্য বা বচন বলেছি। এখন প্রশ্ন হল — রাম বুদ্ধিমান নয় অথবা এমন নয় যে রাম বুদ্ধিমান — এই বাক্যগুলি যৌগিক নাকি অযৌগিক? উত্তর হল বাক্যগুলি যৌগিক। কেননা, এই সব বাক্যের একটি অংশ স্বতন্ত্রভাবে বাক্য (বচন) বলা যায় — রাম বুদ্ধিমান — এই অংশটি। যৌগিক বাক্যের সংজ্ঞা — লক্ষণ অনুসারে
'— নয় (নি, না)' 'এমন নয় যে —' আকারের বাক্য যৌগিক বাক্য বা বচন বলা যায়।

## যোজক (Connective)

সাধারণত যৌগিক বাক্য(বচন) গঠিত হয় — 'এমন নয় যে —', '— এবং —', '— অথবা —', 'যদি — তাহলে —', 'এমন নয় যে — এবং —' ইত্যাদি শব্দ ও শব্দসমষ্টি দিয়ে। এরূপ শব্দ ও শব্দসমষ্টিকে বাক্য যোজক (proposition connective) বলে। সংক্ষেপে বলে যোজক (Connective)।

অর্থাৎ

যে বাক্য দিয়ে যৌগিক বাক্য গঠিত হয় সেই বাক্যকে যৌগিক বাক্যের অঙ্গ বলে। যথা— 'রাম হন বুদ্ধিমান এবং শ্যাম হন বোকা' — এই বাক্য বা বচনের অঙ্গ দুটি হল — 'রাম হন বুদ্ধিমান' এবং অপরটি শ্যাম হন বোকা।

## অঙ্গ এবং অবয়ব

যে সমস্ত বাক্য দিয়ে কোন যুক্তি গঠিত হয় সেই বাক্যগুলির প্রত্যেকটিকে ঐ যুক্তির অবয়ব বলে। অন্যদিকে যে বাক্য দিয়ে কোন যৌগিক বাক্য গঠিত হয় সেই বাক্যকে ঐ যৌগিক বাক্যের অঙ্গ বলে।

## যৌগিক বাক্যের প্রকারভেদ

যৌগিক বাক্য বিভিন্ন প্রকারের হয়। যথা— নিষেধক, সংযৌগিক, বৈকল্পিক, প্রাকল্পিক এবং প্রতিকল্পিক বাক্য বা বচন।

নিষেধক বাক্য— 'এমন নয় যে' (It is not the case that) দিয়ে যে বাক্য গঠন করা হয় তাকে বলে নিষেধক বাক্য (বা বচন) বলে। কোন বাক্যের পূর্বে 'এমন নয় যে' (It is not the case that) যোজক ব্যবহার করে বাক্যটিকে নিষেধ করা হয়। যেমন,— এমন নয় যে আজ রবিবার (It is not the case that today is sunday)। 'আজ রবিবার' এই বাক্যকে এখানে নিষেধ করা হয়েছে।

সংযৌগিক বাক্য — দুটি বা ততোধিক বাক্যকে 'এবং', 'ও', 'আর' (and) দিয়ে যুক্ত করে যে যৌগিক বাক্য গঠন করা হয় তাকে সংযৌগিক বাক্য বলে। যথা— "বৃষ্টি পড়ছে এবং তুষারপাত হচ্ছে" (It is raining and it is snowing)। সংযৌগিক বাক্যের অঙ্গগুলিকে সংযোগী বলে। 'বৃষ্টি পড়ছে' একটি সংযোগী এবং 'তুষারপাত হচ্ছে' অন্য একটি সংযোগী। সব সংযোগী সত্য হলে সংযৌগিক বাক্যটি সত্য হবে অন্যথায় মিথ্যা হবে।

বৈকল্পিক বাক্য — দুই বা ততোধিক বাক্যকে 'অথবা' 'বা' ('Or', 'Either — or —') দিয়ে যুক্ত করে যে যৌগিক বাক্য গঠন করা হয় তাকে বৈকল্পিক বাক্য বলে। উদাহরণ — 'রাম আসবে অথবা শ্যাম আসবে'। ('Ram will come or Shyam will come')

বৈকল্পিক বাক্যের অঙ্গস্বরূপকে বিকল্প বলে। যথা — 'রাম আসবে' একটি বিকল্প এবং 'শ্যাম আসবে' অপর একটি বিকল্প। বৈকল্পিক বাক্যের অন্তত একটি বিকল্প সত্য হলে সমগ্র বৈকল্পিক বাক্যটি সত্য হবে, অন্যথায় মিথ্যা হবে।

প্রাকল্পিক বাক্য — দুটি বাক্যকে 'যদি — তাহলে —' ('If — then —') দিয়ে যুক্ত করে যে যৌগিক বাক্য পাওয়া যায় তাকে প্রাকল্পিক বাক্য বলে। 'যদি' শব্দের পরবর্তী অংশকে পূর্বকল্প (Antecedent) এবং 'তাহলে' শব্দের পরবর্তী অংশকে অনুকল্প (Consequent) বলে। উদাহরণ — 'যদি আজ হয় রবিবার তাহলে আগামীকাল সোমবার'। ('If today is Sunday then tomorrow is Monday') 'আজ হয় রবিবার' হল পূর্বকল্প এবং আগামীকাল সোমবার হল অনুকল্প। প্রাকল্পিক বাক্যের পূর্বকল্প সত্য এবং অনুকল্প মিথ্যা হলে সেই প্রাকল্পিক বাক্য মিথ্যা হবে; অন্যথায় সত্য হবে।